

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ক্রমিক নং-	তারিখ :-	স্বাক্ষর :-	
১৯২৬	২৪/২/২০	[Signature]	
ডাঃ	সঃ	উঃ	নিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।  
সংস্থাপন শাখা-১

নম্বরঃ ২৫.৩৬.০০০০.২১১.০৮.১৯৭.১৩- ৩২৮

তারিখঃ ০৪ ফাল্গুন ১৪২৬  
০৭ ফেব্রুয়ারী ২০২০

বিষয়ঃ- গণপূর্ত অধিদপ্তরের পরিকল্পনা ও বিশেষ প্রকল্প জোনের অধীনস্থ সকল সার্কেল/বিভাগের ন্যায় নবসৃষ্ট ও পূর্বের সেটআপ ভুক্ত অফিস সমূহে কর্মরত নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলীগণকে অতিরিক্ত ইনক্রিমেন্টের সুবিধা ব্যক্তিগত বেতন হিসেবে প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন উইং এর স্মারক নং-এম, এফ/এফ-ডি(ইমপ্লি)-৪/এফ(জি)-৬০/৮৩/৩৬, তারিখঃ ০৮/০৩/১৯৮৭ এবং অত্র অধিদপ্তরের স্মারক নং-১০৩ সশা-২, তারিখঃ ২০/০২/১৯৯৫ অনুযায়ী পরিকল্পনা ও বিশেষ প্রকল্প জোনের অধীনস্থ সকল সার্কেল/বিভাগের নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী ও সহকারী প্রকৌশলীগণ ০৩টি অতিরিক্ত ইনক্রিমেন্টের সুবিধা ব্যক্তিগত বেতন হিসেবে এবং ডিপ্লোমাদারী উপ-সহকারী প্রকৌশলীগণ ০২টি অতিরিক্ত ইনক্রিমেন্টের সুবিধা ব্যক্তিগত বেতন হিসেবে ভোগ করে আসছেন। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ০৫/০৮/২০১৯ তারিখের ৬৮৫ নম্বর সরকারি পত্রের মাধ্যমে গণপূর্ত অধিদপ্তরের বিভিন্ন জোন/সার্কেল/বিভাগের (সিভিল ও ই/এম) অফিস স্থাপনের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরির ৯৬টি ক্যাডার পদ স্থায়ী ভাবে এবং ৩৭৮টি পদ অস্থায়ী ভাবে সৃজন করা হয়েছে। সৃজিত ও পূর্বের সেটআপ ভুক্ত অফিস সমূহের মধ্যে যে সকল অফিসের কর্মকর্তাগণ অতিরিক্ত ইনক্রিমেন্টের সুবিধা ব্যক্তিগত বেতন হিসেবে প্রাপ্য হবেন সে সকল অফিস সমূহের নাম নিম্নরূপঃ

ক্রমিক নং	গণপূর্ত রি-অর্গানাইজেশন মোতাবেক অনুমোদিত অফিস সমূহ	পদের সংখ্যা	মন্তব্য
১।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ই/এম পিএন্ডডি জোন) ঢাকা।	০৬টি	উক্ত দপ্তর সমূহে কর্মরত নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী ও সহকারী প্রকৌশলীগণ ০৩টি অতিরিক্ত ইনক্রিমেন্টের সুবিধা ব্যক্তিগত বেতন হিসেবে এবং ডিপ্লোমাদারী উপ-সহকারী প্রকৌশলীগণ ০২টি অতিরিক্ত ইনক্রিমেন্টের সুবিধা ব্যক্তিগত বেতন হিসেবে প্রাপ্য হবেন।
২।	গণপূর্ত ই/এম প্ল্যানিং সার্কেল, ঢাকা	০৭টি	
৩।	গণপূর্ত ই/এম প্ল্যানিং বিভাগ-১, ঢাকা	০৪টি	
৪।	গণপূর্ত ই/এম প্ল্যানিং বিভাগ-২, ঢাকা	০৪টি	
৫।	গণপূর্ত ই/এম প্ল্যানিং বিভাগ-৩, ঢাকা	০৪টি	
৬।	গণপূর্ত এমআইএস সার্কেল, ঢাকা	০৩টি	
৭।	গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-১, ঢাকা	০৫টি	
৮।	গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা	০৫টি	
৯।	গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-৩, ঢাকা	০৫টি	
১০।	গণপূর্ত ই/এম ডিজাইন সার্কেল, ঢাকা	০৩টি	
১১।	গণপূর্ত ই/এম ডিজাইন বিভাগ-১, ঢাকা	০৩টি	
১২।	গণপূর্ত ই/এম ডিজাইন বিভাগ-২, ঢাকা	০৩টি	
১৩।	গণপূর্ত ই/এম ডিজাইন বিভাগ-৩, ঢাকা	০৩টি	
১৪।	গণপূর্ত ই/এম পিএন্ডডি বিভাগ-৩, ঢাকা	০৬টি	
১৫।	গণপূর্ত মনিটরিং এন্ড অডিট সার্কেল, ঢাকা	০৩টি	
১৬।	গণপূর্ত অডিট বিভাগ, ঢাকা	০২টি	

চলমান পাতা-০২

[Signature]



পাতা নং-০২

১৭।	গণপূর্ত মনিটরিং বিভাগ, ঢাকা	০২টি
১৮।	গোপালগঞ্জ ই/এম পিএন্ডডি বিভাগ, গোপালগঞ্জ	০৫টি
১৯।	ময়মনসিংহ ই/এম পিএন্ডডি বিভাগ, ময়মনসিংহ	০৫টি

বর্ণিত অফিস সমূহে ডিগ্রীধারী প্রকৌশলী কর্মকর্তাগণ ই/এম পরিকল্পনা ও নকশা, ডিজিটাল সার্ভিস রোডম্যাপ কর্মপরিকল্পনা (ভিশন-২০২১), বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা, সেবা সহজিকরণ কর্মপরিকল্পনা ও বিভিন্ন নতুন সফটওয়্যার আর্কিটেকচার ডিজাইন সংক্রান্ত কাজে নিয়োজিত আছেন।

এমতাবস্থায়, গণপূর্ত অধিদপ্তরের পরিকল্পনা ও বিশেষ প্রকল্প জোনের অধীনস্থ সকল সার্কেল/বিভাগের ন্যায় নবসৃষ্ট ও পূর্বের সেটআপ ভুক্ত অফিস সমূহে কর্মরত প্রকৌশলী কর্মকর্তাগণ যতদিন উল্লেখিত অফিস সমূহে কর্মরত থাকবেন ততদিন পর্যন্ত নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী ও সহকারী প্রকৌশলীগণ ০৩টি অতিরিক্ত ইনক্রিমেন্টের সুবিধা ব্যক্তিগত বেতন হিসেবে এবং ডিপ্লোমাদারী উপ-সহকারী প্রকৌশলীগণ ০২টি অতিরিক্ত ইনক্রিমেন্টের সুবিধা ব্যক্তিগত বেতন হিসেবে আহরণ করতে পারবেন।

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
২য় ১২তলা সরকারি অফিস ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

(মোঃ আশরাফুল আলম)  
প্রধান প্রকৌশলী  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।  
ce@pwd.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী-.....  
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,.....  
০৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম পিএন্ডডি বিভাগ-২, ঢাকা,.....  
০৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,.....  
০৫। জেলা হিসাব রক্ষণ অফিসার,.....

18/02/2020  
(নন্দিতা রাণী সাহা)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।  
ফোনঃ ৯৫৬০৯৯৯  
est@pwd.gov.bd